গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট**
নাসিরাবাদ, চট্টগ্রাম-৪২০৯।
ইনস্টিটিউট কোড-70048, EIIN No-133458
www.chattogram.polytech.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.১৫৪৩.৩০০.০২.০০৩.২৫-২৩৫ তারিখ : ২৯/০৫/২০২৫ খ্রি.।

## ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২৫.৫৮.৯০, তারিখ: ২৯/০৫/২০২৫খ্রি. মোতাবেক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব নিয়মিত এবং ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্ব অকৃতকার্য বিষয় ও ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২৪ আগামী ০৮ জুলাই, ২০২৫ খ্রি. মঙ্গলবার হতে এ ইনস্টিটিউট কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্ন বর্ণিত পরীক্ষা ফি ও সেশন চার্জসহ নির্ধারিত টাকা **Rocket Apps**-এর মাধ্যমে **আগামী ০১/০৬/২০২৫খ্রি. তারিখ হতে ১৯/০৬/২০২৫খ্রি. তারিখ দুপুর ১২.০০ টা (ছুটির দিনসহ ২৪ ঘণ্টা) পর্যন্ত** জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। এছাড়া ফরম ফিলাপ সম্পন্ন শিক্ষার্থীরা তাদের নিজ নিজ টেকনোলজির বিভাগীয় প্রধানের মনোনীত শিক্ষকের নিকট রক্ষিত ফরম পূরণের প্রিন্ট আউট কপিতে আগামী ২৩/০৬/২০২৫খ্রি. হতে ২৪/০৬/২০২৫খ্রি. তারিখের মধ্যে নিজের নাম, রোল নং ও বিষয় কোড যাচাই করে বাধ্যতামূলক স্বাক্ষর করতে হবে। সকল পর্বের অনিয়মিত পরীক্ষার্থীদের ফরম পূরণের টাকা হিসাব শাখায় জমা দেওয়ার জন্য বলা হলো।

**নিয়মিত পরীক্ষার্থীদের বোর্ড ফি ও ইনস্টিটিউট ফিসহ টেকনোলজি ভিত্তিক ফরম পূরণের মোট টাকা (রেফার্ড বিষয় ব্যতীত)**

| ক্র. নং | টেকনোলজি | ১ম পর্ব | | | ৩য় পর্ব | | | ৫ম পর্ব (২০১৬ প্রবিধানসহ) | | | ৭ম পর্ব (২০১৬ প্রবিধানসহ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বোর্ড ফি | ইনস্টি. ফি | মোট টাকা | বোর্ড ফি | ইনস্টি. ফি | মোট টাকা | বোর্ড ফি | ইনস্টি. ফি | মোট টাকা | বোর্ড ফি | ইনস্টি. ফি | মোট টাকা |
| ১. | সিভিল | ১০৭০ | ৬৩৫ | ১৭০৫ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ |
| ২. | কম্পিউটার | ১০৭০ | ৬৩৫ | ১৭০৫ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ |
| ৩. | ইলেকট্রিক্যাল | ১০৭০ | ৬৩৫ | ১৭০৫ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ | ১০৭০ | ৯৭৫ | ২০৪৫ | ১০৭০ | ৯৭৫ | ২০৪৫ |
| ৪. | ইলেকট্রনিক্স | ১০৭০ | ৬৩৫ | ১৭০৫ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ |
| ৫. | মেকানিক্যাল | ১০৯৫ | ৬৩৫ | ১৭৩০ | ১০৪৫ | ৯৭৫ | ২০২০ | ১০৭০ | ৯৭৫ | ২০৪৫ | ১০৭০ | ৯৭৫ | ২০৪৫ |
| ৬. | পাওয়ার | ১০৭০ | ৬৩৫ | ১৭০৫ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ | ১০৭০ | ৯৭৫ | ২০৪৫ | ১০৭০ | ৯৭৫ | ২০৪৫ |
| ৭. | এনভায়রনমেন্টাল | ১০৭০ | ৬৩৫ | ১৭০৫ | ১১২০ | ৯৭৫ | ২০৯৫ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ | ১০৯৫ | ৯৭৫ | ২০৭০ |

২। **রেফার্ড প্রাপ্ত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে:**

ক। যে সকল নিয়মিত শিক্ষার্থীদের পূর্ববর্তী পর্বে রেফার্ড আছে তারা রেফার্ড প্রাপ্ত প্রতি বিষয়ের ফি ১০০/-(একশত টাকা), রেফার্ড প্রাপ্ত প্রতি পর্বের জন্য কেন্দ্র ফি ২০০/- (দুইশত) টাকা, প্রতি পর্বের নম্বরপত্র ফি ৭৫/- (পঁচাত্তর) টাকা এবং প্রতিটি ব্যবহারিক বিষয়ের জন্য ২৫/- (পঁচিশ) টাকা করে অতিরিক্ত জমা দিতে হবে।

খ। ১ম পর্বে অনিয়মিত পরীক্ষার্থীদের ৯৪৫/- (১ম পর্বে রেফার্ড প্রাপ্ত বিষয়ের ফি ন্যূনতম ৪০০/- টাকা, কেন্দ্র ফি ৪৫০/- টাকা, নম্বরপত্র ফি ৭৫/- টাকা, প্রশ্নপত্র ফি ২০/- টাকা) টাকা দিয়ে ফরম পূরণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় অনুত্তীর্ণ থাকলে প্রতি বিষয়ের জন্য অতিরিক্ত ২৫/-(পঁচিশ) টাকা করে জমা দিতে হবে।

গ। ১ম পর্ব ব্যতীত অন্যান্য সকল পর্বের অনিয়মিত (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার্থীদের বোর্ড ফি ৪০০/- (চারশত টাকা), কেন্দ্র ফি ৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা), নম্বরপত্র ফি ৭৫/- (পঁচাত্তর টাকা), প্রশ্নপত্র ফি ২০/- (বিশ টাকা), প্রতিটি ব্যবহারিক বিষয়ের জন্য ২৫/- (পঁচিশ টাকা) করে জমা দিতে হবে। সে সাথে পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের রেফার্ড প্রাপ্ত প্রতি বিষয়ের ফি ১০০/-(একশত টাকা), রেফার্ড প্রাপ্ত প্রতি পর্বের জন্য কেন্দ্র ফি ২০০/- (দুইশত টাকা), প্রতি পর্বের নম্বরপত্র ফি ৭৫/- (পঁচাত্তর টাকা) এবং অনুত্তীর্ণ প্রতিটি ব্যবহারিক বিষয়ের জন্য ২৫/- (পঁচিশ টাকা) করে অতিরিক্ত জমা দিতে হবে। তাছাড়া ৮ম পর্বে অনিয়মিত ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং থাকলে অতিরিক্ত ৪৬০/- (চারশত ষাট টাকা) জমা দিতে হবে।

চলমান পাতা



CS CamScanner

৩। কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠানসমূহের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫, তারিখ: ০৬/০৭/২০১৪খ্রি. এর পরিপত্র অনুযায়ী শিক্ষার্থীদের নিকট হতে ইনস্টিটিউট ফি বাবদ আদায়কৃত অর্থের বিশদ বিবরণ নিম্নরূপ:

**ইনস্টিটিউট ফি (১ম পর্বের জন্য)**

| ক্র. নং | খাত সমূহ | নির্ধারিত ফি | ক্র নং | খাত সমূহ | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|---|
| ১। | সহশিক্ষা কার্যক্রম ফি (প্রতি পর্ব) | ১০০.০০ | ৪। | মসজিদ উন্নয়ন ফি | ৩০.০০ |
| ২। | অত্যাবশ্যকীয় শিক্ষক কমর্চারী | ৩৭৫.০০ | ৫। | পলিটেকনিক হল্ট ফি | ১০০.০০ |
| ৩। | আইসিটি ফি | ৩০.০০ | | | ০০.০০ |
| | | | | মোট= | ৬৩৫.০০ |

**ইনস্টিটিউট ফি (৩য়, ৫ম ও ৭ম পর্বের জন্য)**

| ক্র. নং | খাত সমূহ | নির্ধারিত ফি | ক্র নং | খাত সমূহ | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|---|
| ১। | রেড ক্রিসেন্ট | ২০.০০ | ৮। | অত্যাবশ্যকীয় শিক্ষক কমর্চারী | ৩৭৫.০০ |
| ২। | বেতন (এক সেমিস্টার) | ৬০.০০ | ৯। | আইসিটি ফি | ৩০.০০ |
| ৩। | অভ্যন্তরীণ পরীক্ষার ফি (প্রতি পর্ব) | ১২০.০০ | ১০। | কল্যাণ তহবিল (দরিদ্র তহবিল) | ২০.০০ |
| ৪। | অভিভাবক দিবস ফি (প্রতি পর্ব) | ২০.০০ | ১১। | রোভার স্কাউট ফি | ৩০.০০ |
| ৫। | ম্যাগাজিন ফি | ২৫.০০ | ১২। | মসজিদ উন্নয়ন ফি | ৩০.০০ |
| ৬। | ধর্মীয় তহবিল | ২৫.০০ | ১৩। | সাইকেল গ্যারেজ ফি | ২০.০০ |
| ৭। | সহশিক্ষা কার্যক্রম ফি (প্রতি পর্ব) | ১০০.০০ | ১৪। | বিবিধ | ১০০.০০ |
| | | | | মোট= | ৯৭৫.০০ |

**৪। ৩০০/- (তিনশত) টাকা বিলম্ব ফি সহ আগামী ২৬/০৬/২০২৫খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত ফরম পূরণের টাকা Rocket Apps-এর মাধ্যমে জমা দেওয়া যাবে।**

**৫। Rocket Apps-এর মাধ্যমে ফরম পূরণের ফি জমা দেওয়ার পদ্ধতি:**

* প্রথমে Rocket Apps প্রবেশ করে Bill pay অপশনে ক্লিক করবে।

* Search Biller এ প্রতিষ্ঠানের Biller ID ৫২৩৬ লিখে স্কুল সিলেক্ট করবে।

* Student ID এর অপশনে শিক্ষার্থীদের বোর্ড রোল নম্বর লিখবে (১ম পর্বের শিক্ষার্থীদের ক্ষেত্রে এসএসসি বোর্ড রোল নম্বর ও ৩য় পর্বে সরাসরি ভর্তিকৃতদের ক্ষেত্রে এইচএসসি বোর্ড রোল নম্বর) এবং Validate এ ক্লিক করে পরবর্তী স্ক্রীনে গিয়ে OK করবে।

* Rocket Pin Number দিয়ে রকেট Logo উপর ট্যাপ করে পেমেন্ট সম্পন্ন করবে।

* Bill Receipt এ ক্লিক করবে এবং Bill Receipt সেভ করবে।

২৯/০৫/২৫

(মোহাম্মদ কামাল হোসেন)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
Phone: 02-41380068
E-mail cpigeneral@yahoo.com

তারিখ : ২৯/০৫/২০২৫ খ্রি.।

স্মারক নং- ৫৭.০৩.১৫৪৩.৩০০.০২.০০৩.২৫-২৩৫

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
৩। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, রামমালা, কুমিল্লা-৩৫০০।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৫। হেড অফ মোবাইল ব্যাংকিং ডিভিশন, ডাচ্ বাংলা ব্যাংক পিএলসি, মতিঝিল, ঢাকা।
৬। বিভাগীয় প্রধান (সকল), চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট **(শিক্ষার্থীদের অবগত করার অনুরোধসহ)।**
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (পরীক্ষা নিয়ন্ত্রন সেল), চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি), চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট **(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৯। হিসাব শাখা, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট।
১০। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট।
১১। অফিস কপি।

২৯/০৫/২৫

(মোহাম্মদ কামাল হোসেন)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)



CamScanner